



সার, জ্বালানী ও ভোজ্য তেল পাচার রোধ কল্পে কমিউনিটি মোটিভেশন কমিটি এর জানুয়ারি/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	:	জীতেন্দ্র কুমার নাথ উপজেলা নির্বাহী অফিসার, জুরাছড়ি, রাজামাটি পার্বত্য জেলা।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ	:	১৪/০১/২০২১ খ্রি.
সময়	:	সকাল ১১.৪৫ ঘটিকা।
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০১। সার, জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার রোধ সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ

সভাপতি গত ডিসেম্বর/২০২০ ও চলতি জানুয়ারি/২১ খ্রি. মাসে অত্র উপজেলায় সার জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার সংক্রান্ত কোন ঘটনা ঘটেছে কিনা জানতে চাইলে উপস্থিত সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণ জানান যে, গত মাসে তাদের ইউনিয়নে কোন প্রকার সার, জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার সংক্রান্ত কার্যক্রম সংঘটিত হয়নি। তারা আরো জানান যে, পার্শ্ববর্তী দেশে কোন পণ্য পাচার করার কিংবা পার্শ্ববর্তী দেশ থেকে পণ্য আনার মত এখানে যোগাযোগের কোন মাধ্যম নেই। তাছাড়া অত্র উপজেলার সীমান্তবর্তী অঞ্চল অত্যন্ত দুর্গম, তাই এখানে চোরাচালানের মত কোন ঘটনা সংঘটিত হওয়ার কোন সুযোগ নেই। তারা জানান যে, নিয়মিত সভা করে চোরাচালানের কুফল সম্পর্কে স্থানীয় জনসাধারণ ও গ্রাম পুলিশকে সতর্ক থাকার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। সভাপতি এতে সন্তোষ প্রকাশ করেন এবং আগামীতে সার, জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার সংক্রান্ত কোন ঘটনা যাতে না ঘটে সেদিকে কঠোর নজরদারী রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।


সিদ্ধান্তঃ সার জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার রোধ সংক্রান্ত কার্যক্রমে সংশ্লিষ্ট সকলে সজাগ দৃষ্টি রাখাবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। কমিউনিটি মোটিভেশন কমিটির সভা আয়োজনঃ

সীমান্তবর্তী ইউপি চেয়ারম্যানগণ সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে নিয়মিতভাবে এলাকার গণ্যমান্য ব্যক্তিদেরকে নিয়ে সার, জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার রোধ সংক্রান্ত কমিউনিটি মোটিভেশন কমিটির সভা করে চোরাচালানে দেশের ক্ষতি সংক্রান্ত বিষয়ে অবহিত করা হয়। চোরাচালান সংক্রান্ত কোন খবর পেলে অফিসার ইনচার্জ, জুরাছড়ি থানা ও নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার পরামর্শ দেয়া হয়। সভাপতি নিয়মিত প্রতি মাসে ইউনিয়ন সার, জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার রোধ সংক্রান্ত কমিউনিটি মোটিভেশন কমিটির সভা করে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ সীমান্তবর্তী সকল ইউপি চেয়ারম্যানগণ সার জ্বালানী, ভোজ্য তেল ও অন্যান্য দ্রব্যাদি পাচার রোধ সংক্রান্ত কমিউনিটি মোটিভেশন কমিটির সভা করে সভার কার্যপত্র নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করবেন এবং চোরাচালান সংক্রান্ত কোন খবর পেলে নিম্ন স্বাক্ষরকারী ও সংশ্লিষ্ট আইন শৃঙ্খলা বাহিনীকে সঙ্গে সঙ্গে অবহিত করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


জীতেন্দ্র কুমার নাথ
উপজেলা নির্বাহী অফিসার
জুরাছড়ি, রাজামাটি পার্বত্য জেলা।
মোবাইল- ০১৫৫৭৬৭৬২১৪।

ই মেইল- unojuraichari@mopa.gov.bd

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রশাসক, রাজশামাটি পার্বত্য জেলা।
- ৪। সেক্টর কমান্ডার, বিজিবি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ৫। জোন কমান্ডার, জুরাছড়ি জোন, বন্দুকছড়ি, জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ৬। পুলিশ সুপার, রাজশামাটি পার্বত্য জেলা।
- ৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ৮। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ৯। উপজেলা কর্মকর্তা, জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ১০। অফিসার ইনচার্জ, জুরাছড়ি থানা, জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ১১। চেয়ারম্যান, ইউপি (সকল) জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।
- ১২। জনাব জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
জুরাছড়ি, রাজশামাটি পার্বত্য জেলা
১২